# দুদকে আসিফ মাহমুদের বিরুদ্ধে দুর্নীতির লিখিত অভিযোগ



আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

দুর্নীতি দমন কমিশনের কার্যালয়ে গিয়ে সাবেক যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদের বিরুদ্ধে অভিযোগ জমা দিয়েছেন নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য ও ক্রিকেটার সাকিব আল হাসান–এর একদল সমর্থক।

বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) দুপুরে সেগুনবাগিচায় দুদকের প্রধান কার্যালয়ে এ ঘটনা ঘটে।

দুদক সূত্রে জানা গেছে, দুপুরের দিকে ২০ থেকে ৩০ জনের একটি দল স্লোগান দিতে দিতে কার্যালয়ে প্রবেশ করে। তারা আসিফ মাহমুদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুলে লিখিত আবেদন গ্রহণের দাবি জানায়। পরিস্থিতি একপর্যায়ে উত্তপ্ত হয়ে উঠলে কর্মকর্তাদের ওপর চাপ সৃষ্টি হয় এবং অফিসের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হয়।

নাম প্রকাশে অনিচ্ছুক এক কর্মকর্তা জানান, বিশৃঙ্খলা এড়াতে সংশ্লিষ্ট বিভাগ অভিযোগপত্রটি গ্রহণ করতে বাধ্য হয়। বেনামে জমা দেওয়া ওই অভিযোগটি এখন প্রাথমিক পর্যালোচনায় রাখা হয়েছে।

দুদক কর্মকর্তারা বলেন, কোনো অভিযোগ জমা পড়লেই তা সরাসরি তদন্ত বা মামলায় রূপ নেয় না। আইন অনুযায়ী যাচাই-বাছাই করে সুনির্দিষ্ট তথ্য-প্রমাণ পাওয়া গেলে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে, অন্যথায় অভিযোগটি খারিজ করা হবে।

LENS ASIA